# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**21 APRIL 2026** **7:45—7:55 PM**

---

(১) অসামরিক সেবা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অসামরিক সেবার সঙ্গে জড়িত ব্যক্তিদের শুভেচ্ছা জ্ঞাপন/

(২) কংগ্রেস নেতা পবন খেরার অগ্রিম জামিন আবেদনের রায় সংরক্ষিত/

(৩) বদরপুর রেলস্টেশন সংলগ্ন এলাকায় গতকাল গভীর রাতে মাদক বিরোধী বিশেষ অভিযান চালিয়ে পুলিশের ৫০ লক্ষ টাকার হেরোইন সহ দুই ব্যক্তিকে আটক/

(৪) কালবৈশাখীর মরশুমে হাইলাকান্দি ও শ্রীভূমি জেলায় ব্যাপক ঝড়ের তান্ডব/ বহু এলাকা বিপর্যস্ত/

এবং

(৫) বরাক উপত্যকার অতন্দ্র যুগের কবি শক্তিপদ ব্রহ্মচারীর জন্মদিন উপলক্ষে আজ বিভিন্ন সংগঠনের তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ অর্পণ/

------------------------------------------------------------------------------------

আজ অসামরিক সেবা দিবস । দেশের প্রাশসনিক কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করা সরকারী আধিকারিকদের সম্মান জানাতে প্রতিবছর ২১ এপ্রিল অসামরিক সেবা দিবস উদযাপন করা হয় । স্বাধীন ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেল ১৯৪৭ সালে আজকের দিনে দিল্লীর মেটকাফ হাউসে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করেছিলেন । সেই দিনটিকে স্মরণ করেই ২০০৬ সাল থেকে প্রতি বছর এই দিবস উদযাপন করা হয় । এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে # বিকশিত ভারত: নাগরিক কেন্দ্রিক প্রশাসন ও প্রান্তিক অঞ্চলে বসবাসকারী লোকের উন্নয়ন সাধন # ।

অসামরিক সেবা দিবস উপলক্ষ্যে আজ গৌহাটীর খানাপারার অসম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ,উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জাতীয় অসামরিক সেবা দিবস উপলক্ষ্যে অসামরিক সেবার সঙ্গে জড়িত ব্যাক্তিদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি মূর্মু বলেন যে অসামরিক সেবার সঙ্গে জড়িত ব্যাক্তিদের দায়বদ্ধতা ও কর্তব্যনিষ্ঠা প্রশাসনিক ব্যাবস্থাকে জনসাধারণের কাছে নিয়ে যাওয়া সহ সরকারী প্রতিষ্ঠানসমূহ  পুনরুজ্জীবিত করে তোলে । নাগরিক কেন্দ্রিক ভবিষ্যতমূখী ও উদ্ভাবনমূলক নীতি প্রণয়নের মাধ্যমে অসামরিক সেবার আধিকারিকরা লক্ষ লক্ষ লোকের জীবনের মান উন্নত করতে পারে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উপলক্ষ্যে এক বার্তায় বলেন যে সু-প্রশাসন ও দেশ গড়ার প্রতিশ্রুতিবদ্ধতাকে শক্তিশালী করার জন্য এই দিবস সকলকে উৎসাহিত করে ।

------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট প্রবীণ কংগ্রেস নেতা পবন খেরার দাখিল করা অগ্রিম জামিনের আবেদনের রায় সংরক্ষিত রেখেছে  । বিচারপতি পার্থিবজ্যোতি শইকিয়ার বিচারপীঠ সব পক্ষের যুক্তি শোনার পর  কংগ্রেস নেতার জামিনের আবেদনের রায় সংরক্ষিত রাখেন ।  মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার স্ত্রীর বিরুদ্ধে সাংবাদিক সম্মেলনে বেশ কয়েকটি অভিযোগ উত্থাপন করার পর কংগ্রেসের প্রবীণ নেতার বিরুদ্ধে আসাম পুলিশের অপরাধ শাখায় মামলা রুজু করা হয়েছিলো । আজ কংগ্রেস নেতার হয়ে প্রবীণ আইনজীবি অভিষেক মনু সিংভী এবং কমলনয়ন চৌধুরী আদালতে যুক্তি প্রদর্শন করেন । আসাম সরকারের পক্ষে আইনজীবি দেবজিৎ শইকিয়া যুক্তি প্রদর্শন করে পবন খেরার জামিনের বিরোধিতা করেন ।

------------------------------------------------------------------------------------

রাজ্যে আজ ভোরে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে ।ভোর পাঁচটা বেজে ৫৯ মিনিটে অনুভূত হওয়া এই ভূ-কম্পের রিখটার স্কেলে প্রাবল্য ছিল ৫ দশমিক ২ । বরাক উপত্যকার তিন জেলায়ও এই ভূকম্পন অনুভূত হয়েছে । মণিপুরের কামজঙ এলাকা এই ভূমিকম্পের অভিকেন্দ্র ছিল বলে জানা গেছে । তবে এখন পর্যন্ত কোনোস্থান থেকে কোনো ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি ।

------------------------------------------------------------------------------------

দেশে রান্নার গ্যাসের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলে ভারতীয় তেল নিগম - আই ও সি এল'র পক্ষ থেকে জানানো হয়েছে । নিগমের আইজল শাখার বিপণন ব্যবস্থাপক

দিগন্ত চৌধুরী একথা জানিয়ে বলেছেন যে- ঘরোয়া রান্নার গ্যাসের সরবরাহকে নিয়মিত রাখার বিষয়কে নিগম বিশেষ গুরুত্ব দিচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

বদরপুর রেলস্টেশন সংলগ্ন এলাকায় গতকাল গভীর রাতে মাদক বিরোধী বিশেষ অভিযান চালিয়ে পুলিশ ৫০ লক্ষ টাকার হেরোইন সহ দুই ব্যক্তিকে আটক করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করা দুই ব্যক্তিকে পুলিশ আটক করে । এদের তল্লাশি চালানো হলে বিশাল পরিমাণ হেরোইন উদ্ধার হয় । উদ্ধার হওয়া মাদকের বাজারমূল্য আনুমানিক ৫০ লক্ষ টাকা হবে বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন । শ্রীভূমি জেলার বাসিন্দা ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে । পাশাপাশি এই ঘটনার সঙ্গে জড়িত বৃহত্তর পাচারচক্রের সন্ধানে পুলিশ তদন্ত শুরু করেছে । উল্লেখ্য- নিষিদ্ধ সামগ্রীগুলি শিলচর-রঙ্গিয়া ট্রেনে করে বদরপুর স্টেশন থেকে গুয়াহাটি পাচারের উদ্দেশ্য ছিল বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------------

কালবৈশাখীর মরশুমে বরাক উপত্যকার তিন জেলায় ঝড়বৃষ্টির প্রকোপ অব্যাহত রয়েছে । আজ হাইলাকান্দি ও শ্রীভূমি জেলার উপর দিয়ে প্রবল ঝড় বয়ে গেছে । হাইলাকান্দি জেলার লালা রাজস্ব চক্রের অর্ন্তগত বেশকয়েকটি গ্রাম আজকের ঘূর্ণিঝড়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে । বিশেষ করে আয়নাখাল অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । এর পরিপ্রেক্ষিতে ওই এলাকার জনসাধারণকে অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে বলেও তিনি জানিয়েছেন । এদিকে হাইলাকান্দি-শ্রীভূমি সড়কে বহু বছরের পুরনো একটি বড় বটগাছ উল্টে পড়ায় ওই সড়কে যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে । আয়নাখাল চাবাগানের ফ্যাক্টরির সামনে উল্টে পড়ে যাওয়া এই গাছটি সরানোর জন্য জোরলয়ে কাজ চলছে । ঐ এলাকার চক্র আধিকারিক ঘটনাস্থলে দাঁড়িয়ে থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার প্রয়াস চালিয়ে যাচ্ছেন । উদ্ধারকার্যে এস ডি আর এফ বাহিনীকেও নিয়োজিত করা হয়েছে। ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত লোকেরা প্রশাসনিক সহায়তার জন্য জেলা আয়ুক্তের হস্তক্ষেপের দাবি জানিয়েছেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

এদিকে শ্রীভূমি জেলার একাধিক এলাকায় ঝড়ের তান্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে । গতরাত্রে প্রবল ঝৃড়বৃষ্টির সঙ্গে বজ্রপাতের ফলে বদরপুর রাজস্ব চক্রের বিভিন্ন গ্রামে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে । ওইসব এলাকায় ঝড়ের দাপটে বহু

গাছপালা উপড়ে পড়ে গেছে । এর পরিপ্রেক্ষিতে বহু এলাকায় বিদ্যুৎ পরিষেবাও ব্যহত হয়েছে । অন্যদিকে গতরাত প্রায় দুটো নাগাদ বদরপুর থেকে ফেরার পথে শ্রীমন্ত কানিশাইল গাঁও পঞ্চায়েতের নয়াগ্রাম তেমাথা এলাকায় বজ্রপাতের কারণে কালীগঞ্জের এক ব্যবসায়ীর গাড়িতে শর্টসার্কিট হয়ে আগুন ধরে যায় । গাড়িটিতে থাকা নগদ অর্থ সহ গুরুত্বপূর্ণ নথিপত্র পুড়ে ছাই হয়ে গেলেও ব্যবসায়ীটির কোনো ক্ষতি হয়নি বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

অতন্দ্র যুগের কবি বরাক উপত্যকার গর্ব- কবি শক্তিপদ ব্রহ্মচারীর জন্মদিবস সাত বৈশাখ, আজ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে ।

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে বাংলা বিভাগের উদ্যোগে কবি শক্তিপদ ব্রহ্মচারী স্মারক পঞ্চম বার্ষিক বক্তৃতা অনষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আমন্ত্রিত অতিথি অধ্যাপক বিশ্বতোষ চৌধুরী কবি শক্তিপদ ব্রহ্মচারীর কাব্যের বিশ্ববীক্ষা বিষয়ে কাব্যে সৃষ্টির বৈশিষ্ট ও সৃজনশীল মৌলিকতার বহু মাত্রিক প্রতিভার বিষয়ে আলোচনা করেন । এছাড়া আরো বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে কবিকে স্মরণ করা হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতির উদ্যোগে আজ সন্ধ্যায় শিলচর বঙ্গভবনে তাঁর সৃষ্টির মাধ্যমে কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় ।

বরাক উপত্যকা নন্দিনী সাহিত্য ও পাঠচক্রের উদ্যোগে আজ শিলচরে এই উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে এই অঞ্চলের কবি-সাহিত্যিকগণ স্বনামধন্য এই কবির সৃষ্টি ও অন্যান্য কর্মরাজি নিয়ে আলোচনা করেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগ ও জনস্বাস্থ্য কারিগরী বিভাগের যৌথ উদ্যোগে জেলার শালগংগা ও সংলগ্ন এলাকার জনসাধারনের মধ্যে দেখা দেওয়া পেটের সংক্রমন পরিস্থিতি নিয়ন্ত্রনে এসেছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে নতুন করে আর সংক্রমনের কোন খবর নেই । উল্লেখ্য শালগংগা সহ টিকলপার গ্রান্ট , নয়াগ্রাম , দিগরকাশপুর , কাশপুর চা বাগান এবং বাগেরকোনা এলাকায় গত ১৫ এপ্রিল থেকে ১৮ই এপ্রিলের মধ্যে টিকল মডেল হাসপাতালে পেটের সংক্রমন সংক্রান্ত উপসর্গ নিয়ে মোট ১০৫ জন রোগী ভর্তি হয়েছিলেন । পরিস্থিতির গুরুত্ব অনুধাবন করে ১৮ই এপ্রিল থেকে স্বাস্থ্য বিভাগ দ্রুত সক্রিয় নজরদারী শুরু করে ।

এদিকে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে গত ২০ এপ্রিল পাথেমারা চা বাগান , শালগঙ্গা গ্রান্ট , টিকলপার সংলগ্ন এলাকার জলের নমুনা সংগ্রহ করে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের জেলা জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের পরীক্ষাগারে পরীক্ষা করে জাননো হয় যে জলে ফ্লোরিনের মাত্রা নির্ধারিত সীমার মধ্যে রয়েছে এবং সব দিক থেকে জল সম্পূর্ন নিরাপদ রয়েছে ।
জেলা প্রশাসন থেকে সংক্রমন নিয়ন্ত্রনে জনসচেতনতা বৃদ্ধিতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার রেল যাত্রী অধিকার সুরক্ষা সমিতির উদ্যোগে আজ তাদের বিভিন্ন দাবীর সর্মথনে আলগাপুর রেল স্টেশনের স্টেশন মাস্টারের মাধ্যমে উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার , লামডিং ডিভিশনের ডি আর এম এবং বদরপুরের এরিয়া ম্যানেজারের নিকট স্মারকপত্র পাঠানো হয়েছে । স্মারক পত্রে আলগাপুর রেল স্টেশন ইয়ার্ড থেকে একটি পুরোনো এবং অকেজো আই সি এফ র‍্যাক সরানো , যাত্রীদের সুবিধার্থে স্টেশনে একটি দ্বিতীয় প্ল্যাটফর্ম নির্মাণ এবং দুটি প্ল্যাটফর্মের মধ্যে সংযোগ স্থাপনের জন্য ফুট ওভারব্রিজ নির্মাণ এবং আলগাপুর রেল স্টেশনে দূরপাল্লার ট্রেন থামানোর দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে শ্যামসুল হক বড়ভুইয়া , লায়েক আহমেদ বড়ভুইয়া , গিয়াস মজুমদার প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

আইজল পৌর নিগমের ভোট পর্ব আজ শান্তিপূর্নভাবে শেষ হয়েছে । ১৯ সদস্য বিশিষ্ট আইজল পৌর নিগম নির্বাচনে মোট ৬৮ জন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এরমধ্যে ২৮ জন মহিলা প্রার্থী রয়েছেন । মূখ্যমন্ত্রী লালডুহোমা আজ সকাল ৯টায় নিজের ভোটাধিকার প্রয়োগ করেন । উল্লেখ্য দু লক্ষ ৩৭ হাজার ভোটার আজ আইজল পৌর নিগমের নির্বাচনে ভোটদান করেছেন ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের চার্চ রোডের ড্রেন নির্মাণ কাজের অগ্রগতি ,ব্যাবহৃত সামগ্রীর গুণমান এবং কাজের পদ্ধতি আজ সরেজমিনে খতিয়ে দেখেন শ্রীভূমি পৌর বোর্ডের চেয়ারম্যান রবীন্দ্র চন্দ্র দেব । সংশ্লিষ্ট কার্যালয়ের আধিকারিকদের উপস্থিতিতে নির্মাণ কাজ পরিদর্শন করে তিনি জানান যে এধরণের অভিযোগের কোনো ভিত্তি পাওয়া যায়নি । নির্ধারিত নিয়ম মেনেই নির্মাণকাজ এগিয়ে চলেছে । এপ্রসঙ্গে ওই ওয়ার্ডের পৌর কমিশনার সন্ধ্যা সিংহ রায় জানান কাজের গুণগত মান বজায় রাখতে পৌর কর্তৃপক্ষ নিয়মিত নজরদারি চালাচ্ছে ।

উল্লেখ্য ড্রেনের নির্মাণ কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার ও অনিয়মের মাধ্যমে কাজ করা হচ্ছে বলে সম্প্রতি একাংশ নাগরিকের পক্ষ থেকে অভিযোগ জানানো হয়েছিলো ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার কদমতলায় জমি বিবাদকে কেন্দ্র করে সংঘটিত হত্যাকান্ডে একজন ষাট বছর বয়সী ব্যক্তির মৃত্যু হয়েছে । প্রাপ্ত তথ্য অনুযায়ী- জমি বিবাদকে কেন্দ্র করে চারজন দুষ্কৃতকারী লুকু মিঞা লস্কর নামের ওই ব্যক্তিকে গুলি করে হত্যা করেছে । নিহত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে জিরিঘাট থানায় দাখিল করা এজাহারের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে এই ঘটনার সঙ্গে জড়িত চারজন মূল অভিযুক্তকে গ্রেপ্তার করেছে । পুলিশ এই ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে ।

--------------------------------------------------------------------------------